

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র।

৪৬.০২০.০০৪.০১.০০.৯৯৯.২০১৬-০২৮


তারিখ : ০৫/০১/১৭

বিষয় : রীট পিটিশন নং-১৩৬৮৯/২০১৬, বাদী জনাব আব্দুর রউফ, পিতা-জনাব ইলিয়াস উদ্দিন, গ্রাম-জাঙ্গালদি চর পাখি মারি, উপজেলা-সদর, জেলা-শেরপুর-বনাম-সরকার ও অন্যান্য।

শেরপুর জেলার সদর উপজেলাধীন ১০ নং চরপাখিমারী ইউনিয়ন পরিষদের নির্বাচন সংক্রান্ত বিষয়ে বাদী বাংলাদেশ সরকারের সচিব, স্থানীয় সরকার বিভাগ এবং অন্যান্যদের প্রতিপক্ষ করে মহামান্য হাইকোর্ট বিভাগে ১৩৬৮৯/২০১৬ নং রীট মামলাটি দায়ের করেন। বাদী কর্তৃক দাখিলকৃত রীট মামলায় মহামান্য আদালত শোকজ ইস্যু পূর্বক প্রতিপক্ষগণকে জবাব প্রদান করার জন্য নির্দেশ দিয়েছেন। মহামান্য আদালতে মামলা প্রতিদ্বন্দিতার লক্ষ্যে সরকারের পক্ষে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, সরকার পক্ষে জবাব দাখিলসহ মামলা প্রতিদ্বন্দিতার যাবতীয় ব্যবস্থা গ্রহণপূর্বক এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে মহামান্য আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত : রুলের কপি।


মোহাম্মদ শফিউল আরিফ
উপসচিব
ফোন-৯৫৪০৯৯৫।

জেলা প্রশাসক
শেরপুর।

সদয় অবগতির জন্য অনুলিপি :

- ১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
- ২। উপসচিব (ইপ-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ।
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।